

নিরাপদ  
কর্মপরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
প্রশাসন ও উন্নয়ন শাখা  
২৩, ২৪ কারওয়ান বাজার, বিএফডিসি ভবন, ঢাকা-১২১৫  
www.dife.gov.bd

এগিয়ে যাচ্ছে  
বাংলাদেশ

নম্বর: ৪০.০১.০০০০.১০১.৩১.০০৩(৫০১-৬৫০).১৭.১৯১

তারিখ: ১৬ কার্তিক ১৪২৪

৩১ অক্টোবর ২০১৭

#### প্রজ্ঞাপন

উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকায় কর্মরত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-শিবানী রাণী দত্ত গত ১৯/১০/২০১৬ তারিখ হতে ২০/১১/২০১৬ তারিখ পর্যন্ত মোট ৩০ (ত্রিশ) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য উপমহাপরিদর্শক, ঢাকা কর্তৃক- শিবানী রাণী দত্তকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে শিবানী রাণী দত্ত যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়। একজন সরকারি কর্মচারি হয়ে তার (শিবানী রাণী দত্ত) এ ধরনের আচরণ চাকরির শৃঙ্খলার পরিপন্থি এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর বিধি- ৩(বি) অনুযায়ী অসদাচরণের শামিল ও শাস্তিযোগ্য অপরাধ বিবেচনা করে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি)-এ বর্ণিত অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নং ০৩/২০১৭ রুজু করা হয় এবং অভিযোগনামার জবাব দাখিলসহ ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কী না জানতে চাওয়া হয়।

০৮/০২/২০১৭ তারিখে তিনি অভিযোগনামার লিখিত জবাব দাখিল করেন এবং জবাবে তার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ অস্বীকার করেন এবং অব্যাহতি প্রদান ও ব্যক্তিগত শুনানির সুযোগ প্রার্থনা করেন। ৩০/০৩/২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মচারী শিবানী রাণী দত্ত বলেন যে- “আমার ডায়াবেটিস, স্ট্রোক রিং পরানো হয়। আমাকে বাজালোরে নিয়ে যাওয়া হয়; এ কারণে ছুটির দরখাস্ত করা সম্ভব হয়নি। দরখাস্ত না করায় ভুল হয়ে গেছে, আমি এখনো অসুস্থ।”

লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীর আলোকে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ বিষয়ে তদন্ত আবশ্যিক প্রতীয়মান হওয়ায় অত্র অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিদর্শক, ড. মো: আনোয়ার উল্লাহ-কে আলোচ্য বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। আলোচ্য বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক ১৩/০৯/২০১৭ তারিখে লিখিত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে অভিযুক্ত কর্মচারী শিবানী রাণী দত্ত-এর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি)-এ বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে- মর্মে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেছেন।

অভিযুক্ত কর্মচারী শিবানী রাণী দত্ত-এর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি)-এ বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালা ৪(৩) বিধি মোতাবেক কেন গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে অত্র অধিদপ্তরের ২৫/০৯/২০১৭ তারিখের ৪০.০১.০০০০.১০১.৩১.৫৯৪.১৬-৮১০/১(১) নং স্মারকে অভিযুক্ত কর্মচারী শিবানী রাণী দত্ত-কে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের অনুলিপি পত্রসাথ সংযুক্ত করা হয়। তিনি ০৩/১০/২০১৭ তারিখে উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন।

জবাবে তিনি উল্লেখ করেন যে- তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে ঢাকাস্থ সোহরাওয়ার্দী হাসপাতালে ভর্তি হলে হৃদপিণ্ডে ০২টি রিং বসানো হয় এবং পরে ডায়াবেটিসের মাত্রা বেশি হলে উন্নত চিকিৎসার কথা বিবেচনা করে তার স্বামী তাকে ভারতের শিলিগুড়ি ও ব্যাঙ্গালোরে ২৩/১০/২০১৬ হতে ১৭/১১/২০১৬ পর্যন্ত ডায়াবেটিস, হৃদরোগ ও কিডনি রোগের চিকিৎসা করান। গুরুতর অসুস্থ থাকায় যথাসময়ে উর্ধতন কর্তৃপক্ষকে জানাতে পারেননি। তিনি অপরাধ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন।

অভিযুক্ত কর্মচারী শিবাণী রাণী দত্ত, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ১৯/১০/২০১৬ তারিখ হতে ২০/১১/২০১৬ তারিখ পর্যন্ত মোট ৩০ (ত্রিশ) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন কী না- এ বিষয়ে অভিযোগনামার লিখিত জবাবে অভিযুক্ত কর্মচারী উল্লেখ করেছেন যে, তিনি দীর্ঘদিন যাবৎ হৃদরোগ ও ডায়াবেটিসসহ নানা রোগে আক্রান্ত। তিনি আকস্মিকভাবে অসুস্থ হলে মানসিকভাবে দুর্বল হয়ে পড়েন এবং সে কারণে যথাসময়ে কর্মস্থলে উপস্থিত থাকতে পারেননি। ব্যক্তিগত শুনানীতে অভিযুক্ত কর্মচারী বর্ণিত সময়ে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি স্বীকার করেন।

বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, অভিযুক্ত কর্মচারী শিবাণী রাণী দত্ত নিজেই বিনা অনুমতিতে ৩০ দিন বা তার বেশি সময় বিদেশে অবস্থান করেছেন মর্মে স্বীকার করেছেন। ছুটির আবেদন না করায় কিংবা বিদেশে অবস্থানজনিত জরুরী চিকিৎসার কথা বললেও তার সমর্থণে কোন প্রমাণাদি/দলিল দেখাতে পারেননি। তার বিরুদ্ধে আনীত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে অভিযুক্ত কর্মচারী উল্লেখ করেছেন যে, তিনি অপরাধ স্বীকার করেছেন; তার অজ্ঞতার জন্য এমন ভুল হয়েছে। তিনি নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন।

সাক্ষ্য-প্রমাণ, নথিপত্র পর্যালোচনা, ব্যক্তিগত শুনানী, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও উপরিউক্ত পর্যালোচনায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, শিবাণী রাণী দত্ত, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক- এর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি)এ বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, শিবাণী রাণী দত্ত, সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক- এর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এ বিধি ৩ (বি)-এ বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(এ) বিধি মোতাবেক অত্র আদেশ জারীর তারিখ হতে অভিযুক্ত কর্মচারী শিবাণী রাণী দত্ত-কে তার বর্তমান পদ ‘অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক’ এর নিম্ন পদ ‘অফিস সহায়ক’ পদে নামিয়ে দেয়া হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ সামছুজ্জামান ভূইয়া

মহাপরিদর্শক

ফোন: ০২-৫৫০১৩৬২৬

ফ্যাক্স: ০২-৫৫০১৩৬২৮

ইমেইল: [chiefdife@gmail.com](mailto:chiefdife@gmail.com)

নম্বর: ৪০.০১.০০০০.১০১.৩১.০০৩(৫০১-৬৫০).১৭.১৯১/১(১২)

তারিখ: ১৬ কার্তিক ১৪২৪

৩১ অক্টোবর ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১) ভারপ্রাপ্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শক এর অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৪) যুগ্ম মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৫) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৬) যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৭) উপ মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৮) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৯) উপমহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ১০) সহকারী মহাপরিদর্শক (সাধারণ), হিসাব উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ১১) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, তথ্য ও গণসংযোগ উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ১২) শিবাণী রাণী দত্ত, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা



৩১-১০-২০১৭

মোঃ সামছুজ্জামান ভূইয়া  
মহাপরিদর্শক